**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 11-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**NEC Meeting :**

আগামী ২০ এবং ২১ ডিসেম্বর ৭২তম উত্তরপূর্বাঞ্চল পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশন ত্রিপুরায় অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা গতকাল সাংবাদিকদের বলেন, আগরতলায় দু'দিনের এই অধিবেশনে অংশ নিতে পরিষদের চেয়ারম্যান তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ২০ ডিসেম্বর রাজ্যে আসছেন। সঙ্গে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও আসবেন। অধিবেশনে সাতটি রাজ্যের রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী এবং মুখ্যসচিব, উচ্চপদস্থ প্রশাসনিক আধিকারিকরা অংশ নেবেন। মুখ্যমন্ত্রী বলেন, এই বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন প্রকল্প ও উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

*******************************

**Panchayeti Raj Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনের প্লেনারি হলে এক অনুষ্ঠানে পঞ্চায়েতি রাজ মন্ত্রক আয়োজিত ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করবেন। বিভিন্ন বিভাগে ৪৫টি পুরস্কার দেয়া হবে। এই বছর ১ লক্ষ ৯৪ হাজার গ্রাম পঞ্চায়েত এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এদিকে, রাজ্য পঞ্চায়েত দফতর সূত্রে জানানো হয়েছে, ৪৫টি পুরস্কারের মধ্যে, ত্রিপুরা মোট ৭টি পুরস্কার জিতেছে। মোট পুরষ্কারের সংখ্যায়, ত্রিপুরা ওড়িশার সাথে যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। ত্রিপুরার গোমতি জেলা দেশের সেরা জেলা পঞ্চায়েতগুলির মধ্যে নানাজি

দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কারে ভূষিত হচ্ছে এবং এর পুরস্কার মূল্য ৫ কোটি টাকা৷

সেরা ব্লক পঞ্চায়েত বিভাগে নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার এর জন্য সারা দেশে দ্বিতীয় সেরা ব্লক হিসেবে নির্বাচিত হয়েছে অমরপুর আরডি ব্লক, পুরস্কার মূল্য ১ কোটি ৭৫ লক্ষ টাকা৷

রূপাইছড়ি ব্লকের অধীন মনুবঙ্কুল ভিলেজ কমিটি দেশের সেরা মহিলা-বান্ধব পঞ্চায়েত হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার পাবে, এর পুরস্কার মূল্য ১ কোটি টাকা৷

কার্বন নিরপেক্ষ পঞ্চায়েত বিভাগে গ্রাম উর্জা স্বরাজ বিশেষ পঞ্চায়েত পুরস্কারের জন্য দেশের মধ্যে দ্বিতীয় সেরা হিসেবে নির্বাচিত হয়েছে অমরপুর আর ডি ব্লকের ঠকচাহরা গ্রাম পঞ্চায়েত, এর পুরস্কার মূল্য ৭৫ লক্ষ টাকা।

কুমারঘাট ব্লকের বেতছড়া গ্রাম পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার এর তৃতীয় সেরা পঞ্চায়েত হিসেবে পুরস্কার পাচ্ছে দারিদ্র্য মুক্ত এবং উন্নত জীবিকা পঞ্চায়েত বিষয়ের জন্য।

এই পঞ্চায়েত সারা দেশে দারিদ্র্য বিমোচন ক্ষেত্রে তৃতীয় হয়েছে। পুরস্কার মূল্য ৫০ লক্ষ টাকা৷ অমরপুর আর ডি ব্লকের অধীন রাজকাং ভিলেজ কমিটি শিশু বান্ধব পঞ্চায়েত হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার পাচ্ছে। শিশু-বান্ধব পঞ্চায়েত গঠনে তৃতীয় হওয়ার জন্য ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হবে।

পর্যাপ্ত জল সমৃদ্ধ গ্রাম বিষয়ে দেশের মধ্যে তৃতীয় সেরা হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কারের জন্য নির্বাচিত হয়েছে অমরপুর ব্লকের দেববাড়ি গ্রাম পঞ্চায়েত। এজন্য ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হবে।

*****************************

**Cabinet Meeting :**

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে বেশকিছু পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন পদ ও শূন্যপদ মিলিয়ে মোট ৪৯৮টি পদ পূরণ করা হবে। গতকাল মহাকরণে সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সিদ্ধান্তের কথা জানান, শূন্যপদগুলির মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরে ১৬১টি টেকনিশিয়ান পদ, ২৪১টি এলডিসি এবং শিল্প ও বাণিজ্য দপ্তরে ৯৬টি পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরও জানান, পুলিশের স্পেশাল এগজিকিউটিভ পদে ৬ হাজার ৬৭টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া চলছে। এই পদের জন্য সাম্মানিক ১৩ হাজার টাকা করার সিদ্ধান্ত নেয়া হয়।

****************************

**CEO Tripura :**

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক ব্রিজেশ পান্ডে ত্রৈমাসিক পর্যবেক্ষনের অঙ্গ হিসাবে গতকাল পশ্চিম জেলায় মজুত ইভিএম ও ভি ভিপ্যাট ওয়্যার হাউস পরিদর্শন করেন। তাঁর সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি ও পশ্চিমজেলার জেলা নির্বাচন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়।

****************************************

**AMC, Mayor :**

আগরতলা পুর নিগমের বর্তমান নির্বাচিত প্রতিনিধিদের তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষে বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে। গতকাল আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদারের পৌরহিত্যে আগরতলা পুর নিগমের কাউন্সিল বৈঠকে এই বিষয়ে আলোচনা হয়। মেয়র জানান, প্রতি বছর আগরতলা পুর নিগমের পক্ষ

থেকে শারদ সম্মান প্রদান করা হয়। এই বছর ৩০ ডিসেম্বরের আগে শারদ সম্মান দেওয়া হবে। বৈঠকে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ পুর নিগমের বিভিন্ন ওয়ার্ডের কর্পোরেটররা।

************************

**Recruitment :**

আগরতলার শ্রম ভবনে ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় গতকাল রাজ্যের মডেল কেরিয়ার সেন্টারের উদ্যোগে বেসরকারি সংস্থায় নিয়োগ প্রক্রিয়া অনুষ্ঠিত হয়। ম্যাক্স লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড, টাটা মোটরস, প্রগ্রেসিভ অটোমোবাইল প্রাইভেট লিমিটেড এবং ফোন পে প্রাইভেট লিমিটেডের শূন্যপদ পূরণের জন্য এই নিয়োগ রেলি অনুষ্ঠিত হয়। মোট ৭৬টি শুন্যপদ পূরণের লক্ষ্যে এই নিয়োগ প্রক্রিয়া ছিল।

******************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে গতকাল রাজভবনে মতবিনিময় করেছেন ভারতীয় কোস্ট গার্ডের এক প্রতিনিধি দল। আসাম রাইফেলস এক বিবৃতিতে জানিয়েছে, আগরতলায় আসাম রাইফেলস এর কার্যালয় পরিদর্শন করতে চারদিনের সফরে ভারতীয় কোস্ট গার্ডের এই প্রতিনিধি দল রাজ্যে আসছেন। আধা সামরিক বাহিনী আরও জানিয়েছে, আসাম রাইফেলস এবং ভারতীয় কোস্ট গার্ড এই দুই বাহিনীর মধ্যে প্রাতিষ্ঠানিক 'অধিভুক্তির চার্টার'-এর মাধ্যমে একে অপরের কার্যপ্রণালীর বোঝাপড়া রয়েছে। কোস্ট গার্ডের প্রতিনিধি দলটি উজ্জয়ন্ত প্রাসাদ এবং নীরমহল পরিদর্শন করে উত্তর পূর্ব ভারত ও ত্রিপুরার ইতিহাস সম্পর্কে অবহিত হন।

*********************************

**Milan Mela :**

রাজনগরের ডিমাতলিতে ৩ দিনের পর্যটন ও মিলন মেলা গতকাল থেকে শুরু হয়েছে। মেলার উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না মজুমদার, মাইলাফ্রু মগ প্রমুখও উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

*************************

**Aaradhya's Medal :**

থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবার আসরে চতুর্থ পদক পেলো উত্তরপূর্বের সর্ব কনিষ্ঠ মহিলা ক্যান্ডিডেট মাস্টার আরাধ্যা দাস। গতকাল ব্লিটজ আসরে ৯ রাউন্ডে ৫টি ম্যাচে জয় ও ৩টি ম্যাচে পয়েন্ট ভাগ করে মোট সাড়ে ৬ পয়েন্ট পেয়ে রৌপ্য পদক জয় করে। এর আগে আরাধ্যা এই আসরে ক্লাসিক্ল্যালে দলগত স্বর্ণ ও ব্যাক্তিগত ব্রোঞ্জ এবং রেপিডে দলগত রৌপ্য পদক পায়। ফলে মোট চারটি পদক নিয়ে আসর শেষ করে।

*************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে আগরতলা সহ বিভিন্ন এলাকায় ঘন কুয়াশা লক্ষ্য করা গেছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রী ও সর্বনিম্ন ১৪ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

*************************